

# উইকি বায়োসে অধ্যাপকের জীবনী

সংবাদ প্রতিনিধি

আগরতলা, ৩ সেপ্টেম্বর : রাজ্যের শিক্ষা জগতে পরিচিত ব্যক্তিত্ব ড. অরিজিৎ দাসের জীবনী এবার উইকি বায়োসে এসেছে। সম্প্রতি উইকিপিডিয়া থেকে ড. দাসের জীবনী এবং সহজ শিক্ষাদানের পদ্ধতি উইকি বায়োসের মাধ্যমে প্রকাশিত হয়।

তিনি রাজধানীর বিবিএম কলেজের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক। তার গবেষণার ফসল হিসাবে মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক রাসায়নিক শিক্ষা সম্পর্কিত জার্নাল World Journal of Chemical Education-এ রসায়ন বিদ্যার ১৯টি সহজ শিক্ষাদান সহ ৩৯টি আধুনিক ফর্মুলার সংযোজন হয়েছে।

এছাড়া বুক চাপ্টারেও চারটি বন্ধনক্রম এবং তিনটি চুম্বকীয় ধর্ম সহ সাতটি ফর্মুলা এসেছে। এমনকি ২০১৮ সালে বিশ্বের ৮৬টি দেশের প্রতিযোগীদের হারিয়ে কেমিক্যাল এডুকেশন বিভাগে বিশ্ব চ্যাম্পিয়ন সম্মানেও ভূষিত হয়েছিলেন ড. দাস। তার তত্ত্বাবধানে ছাত্রছাত্রীদের বিনামূল্যে শিক্ষাদানের জন্য [www.arjitchemistryworld.com](http://www.arjitchemistryworld.com) শীর্ষক ওয়েবসাইটেরও সূচনা করা হয়।